

নৌ পরিবহন মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) ড. এম সাখাওয়াত হোসেন, রিয়ার এডমিরাল খন্দকার আক্তার হোসেন, এনইউপি, এনডিসি, পিএসসি, পিএইচডি সহকারী নৌবাহিনী প্রধান (ম্যাটেরিয়েল) এবং সামরিক ও বেসামরিক উর্দ্ধতন কর্মকর্তাগণ গত ০৪ নভেম্বর ২০২৪ তারিখ ডকইয়ার্ড এড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস (ডিইডব্লিউ) লিঃ পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনে ডিইডব্লিউ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালকসহ সকল জিএমগণ পরিদর্শনকারী দলের সাথে অংশগ্রহণ করেন। মাননীয় উপদেষ্টা মহোদয় ও উর্দ্ধতন কর্মকর্তাগণ ইয়ার্ডের চলমান বিভিন্ন নির্মাণাধীন/ মেরামতধীন জাহাজসমূহ পরিদর্শন করেন এবং পরিদর্শন শেষে অত্র ইয়ার্ডের সার্বিক কার্যক্রমের মান এবং শ্রমিকদের ভূয়সী প্রশংসা করেন।

ISO Certified এই গ্রীন ডকইয়ার্ডে **Marine Classified Society**'র বিভিন্ন যুদ্ধ জাহাজ ছাড়াও টুরিস্ট ভেসেল, ফেরী, পন্টুন ইত্যাদি জাহাজ তৈরি এবং মেরামত করা হয়। প্রতিষ্ঠালগ্নের পর থেকে এই পর্যন্ত ছোট-বড় প্রায় ৩৫০০ জাহাজ নবনির্মাণ এবং মেরামত করা হয়েছে এই ডকইয়ার্ডে।

Trust, Tradition, Craftsmanship এই **Motto** নিয়ে এই ইয়ার্ড প্রতি বছর ৩০০০ টন স্টীল কাজ করার সক্ষমতা রাখে এবং প্রতি বছর প্রায় ৯০ কোটি টাকা রাজস্ব হিসাবে সরকারকে দিয়ে আসছে। এছাড়া, ২০০৬ সালে বাংলাদেশ নৌবাহিনী ডিইডব্লিউ লিঃ, নারায়ণগঞ্জ এর দায়িত্বভার গ্রহণ করার পর থেকে প্রতিষ্ঠানটি একটি লাভজনক প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হচ্ছে এবং প্রায় ৯০০ জন কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকের কর্মসংস্থান এর ব্যবস্থা করে জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। নারায়ণগঞ্জ এলাকার সুবিধাবঞ্চিত মানুষের জন্য **Corporate Social Responsibility** এর আওতায় ডিইডব্লিউ একটি মাধ্যমিক স্কুল এবং একটি টেকনিক্যাল ট্রেনিং সেন্টার পরিচালনা করছে। উক্ত টেকনিক্যাল ট্রেনিং সেন্টার হতে পাস করা শিক্ষার্থীগণ দেশে এবং দেশের বাহিরে চাকরি করছেন। অত্র ইয়ার্ডে অভিজ্ঞ এবং দক্ষ জনবল শুরুমাত্র শান্তিকালীন সময়ের জন্য প্রস্তুত না, দেশের যেকোন ত্রুণ্তিকালীন সময়ে **Strategic Industry** হিসাবে ডিইডব্লিউ লিঃ জাহাজ নির্মাণ এবং মেরামতের জন্য প্রস্তুত রয়েছে।